[redacted]

⇒[redacted]

⇒ [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সহপাঠীরা। তারা যাত্রাবাড়ী-বঙ্গভবন সড়ক অবরোধ করে। পরে ওয়ারী উচ্চবিদ্যালয় কর্তৃপক্ষের আশ্বাসে তারা সরে গিয়ে স্কুলের সামনে মানববন্ধন করে। তারা দোষী চালকের শাস্তির দাবি জানায়।

ওয়ারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল কুদ্দুস সাংবাদিকদের বলেন, এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ছাড়াও সোমবার স্কুলে বার্ষিক মিলাদ মাহফিলের আয়োজন করা হয়েছিল। মিলাদের পর পরীক্ষার্থীদের প্রবেশপত্রও দেয়া হতো।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আসার কথা ছিল স্থানীয় এমপি কাজী ফিরোজ রশীদের। বেলা ১১টার পর অনুষ্ঠান শুরু হয়। কিন্তু অনুষ্ঠান শুরুর কিছুক্ষণ পর আবিরের দুর্ঘটনার সংবাদ আমরা জানতে পারি।

এ খবর শুনেই আমরা ঘটনাস্থলে গিয়ে আবিরকে শনাক্ত করি। আমরা আবিরের সহপাঠীদের কাছ থেকে জানতে পেরেছি, ওয়াসার গাড়িটি বেপরোয়া গতিতে চলছিল। আবিরের মৃত্যুর কারণে স্কুলের সব কর্মসূচি বন্ধ রাখা হয়। সেখানে কেবল আবিরের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল করা হয়। এদিকে ওয়ারী থানা সূত্রে জানা যায়, এ ঘটনায় আবিরের পরিবারের পক্ষ থেকে একটি মামলা করা হতে পারে।

বিভিন্ন স্থানে নিহত ৯ : এদিকে রোববার রাত থেকে সোমবার সন্ধ্যা পর্যন্ত দেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনায় আরও ৯ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে ২৭২ দিনে সড়কে প্রাণ গেল ২২১৪ জনের। ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর-

নেত্রকোনা: সদর উপজেলার ঠাকুরাকোনা ইউনিয়নের সতরশ্রী এলাকায় সোমবার বিকাল সাড়ে ৩টায় ট্রাক ও মোটরসাইকেলের সংঘর্ষে অসীম রায়
(২৮) নামে এক শিক্ষকের মৃত্যু হয়েছে। এ সময় হৃদয় ও মুরাদ নামে দুজন আহত হয়েছেন।

কুমিল্লা : বুড়িচংয়ে স্কুল থেকে বাড়ি ফেরার পথে বাসচাপায় সাকিবা জাহান নামে এক ছাত্রী নিহত হয়েছে। সোমবার দুপুরে কুমিল্লা-সিলেট আঞ্চলিক মহাসড়কের উপজেলার রামপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সাকিবা (৭) ওই এলাকার এতবাপুর গ্রামের শাহজাহান মিয়ার মেয়ে।

নগরকান্দা (ফরিদপুর): সালথায় ট্রাকের ঢালার চাপায় হেল্পারের মৃত্যু হয়েছে। সোমবার সকালে উপজেলার সোনাপুর ইউনিয়নের ফুকরা গ্রামে ট্রাক থেকে ইট নামানোর সময় এ ঘটনা ঘটে। নিহত জসিম মোল্লা (৩২) ফরিদপুরের কোতোয়ালি থানার খলিল মণ্ডলহাট এলাকার

ইকরাম মাতুব্বর ডাঙ্গী গ্রামের ইছাহাক মোল্লার ছেলে।

বগুড়া : শেরপুরে যাত্রীবাহী বাসের চাপায় জেসমিন আকতার (৩৫) নামে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। সোমবার দুপুরে উপজেলার গাড়িদহ এলাকায় ঢাকা-রংপুর মহাসড়ক পার হওয়ার সময় এ দুর্ঘটনা ঘটে। জেসমিন আকতার শেরপুর উপজেলার গোসাইপাড়ার সোহেল রানার স্ত্রী।

লক্ষ্মীপুর: ইটবাহী ট্রাক্টর ট্রলির চাপা পড়ে চালকের সহযোগী (হেলপার) রাজু আহমেদ (১৯) নিহত হয়েছেন। সোমবার দুপুরে লক্ষ্মীপুর-রামগতি সড়কের সুতার গোপ্টা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত রাজু সদর উপজেলার ভবানীগঞ্জ ইউনিয়নের চরমনসা গ্রামের হাবিবুর রহমানের ছেলে।

মেহেরপুর : গাংনীতে পৃথক দুর্ঘটনায় জেবা খাতুন (৯) নামের এক শিশু শিক্ষার্থী নিহত ও ৭ জন আহত হয়েছে। সোমবার দুপুর ১টায় গাংনী উপজেলার ইকুড়ি ও ছাতিয়ান এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত জেবা রাইপুর ইউনিয়নের ইকুড়ি গ্রামের জসিমের মেয়ে।

টেকেরহাট (মাদারীপুর): গোপালগঞ্জের মুকসুদপুরে পিকআপ ভ্যান উল্টে এক মাছ ব্যবসায়ী নিহত ও তিনজন আহত হয়েছেন। সোমবার ভোরে ঢাকা-বরিশাল মহাসড়কের উপজেলার দিগনগর ইউনিয়নের বিশ্বমবরদীতে এ দুর্ঘটনা ঘটে। নিহত নাছির মোল্যা (৩৮) গোপালগঞ্জ সদর উপজেলার উলপুর গ্রামের আউয়াল মোল্যার ছেলে।

কলাপাড়া (পটুয়াখালী): কলাপাড়া-কুয়াকাটা সড়কের নীলগঞ্জ ইউনিয়নের মোহাম্মদপুরে মোটরসাইকেল উল্টে জুয়েল রানা (২৬) নামে এক যুবক নিহত হয়েছেন। তিনি কলাপাড়া পৌর শহরের রহমতপুর এলাকার সোহরাব হোসেনের ছেলে।

কমলগঞ্জ (মৌলভীবাজার): কমলগঞ্জে ট্রলি থেকে পড়ে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। সোমবার বিকাল সাড়ে ৫টায় আদমপুর ইউনিয়নের জালালপুর গ্রাম এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

মাদক নিয়ন্ত্রণে পুলিশের বিশেষ টিম মাঠে (পর্ব-৩)

মেহেরপুরে মাদক নিয়ন্ত্রণে প্রশাসনের সফলতার পাশাপাশি রয়েছে ব্যার্থতাও। মাদক বিরোধী অভিযান পরিচালনার লক্ষ্যে তিন থানায় পুলিশের বিশেষ তিনটি টিম গঠন করা হয়েছে।

মাদক বিরোধী অভিযানে ধরা খেয়ে জেলের ঘানি টানছে বেশ কিছু মাদকের হোতা। কেউ জেল খেটে বাড়ি ফিরে বেছে নিয়েছে স্বাভাবিক জীবন। আবার কেউ পর্দার আড়ালে থেকেই চালিয়ে যাচ্ছে মাদকের ব্যবসা। মাদক ছেড়ে অনেকেই স্বাভাবিক জীবনে ি◌েফরে আসতে চাইলেও অনেক সময় তারাও পুলিশের স্বীকার হয় বলে অভিযোগ রয়েছে।

২০১৯ সালের শুরু থেকে ডিসেম্বরের শেষ পর্যন্ত মেহেরপুর জেলার বিভিন্ন থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে ৫০৬টি। এই মামলায় গত এক বছরে আটক হয়েছে ৭২০ জন আসামী। এর ভিতর কেউ কেউ জেলে থাকলেও বেশির ভাগই মুক্ত।

মেহেরপুর জেলা পুলিশ সুত্রে জানা যায়, জেলাতে ২০১৯ সালে মাদক বিরোধী অভিযানে ৪ হাজার ৮’শ ৬১ বোতল ফেন্সিডিল, ১২৭.৫ কেজি গাঁজা, ২ হাজার ১’শ ৭৭ পিচ ইয়াবা, ১.১২ কেজি হেরোইন, ২০ বোতল বিয়ার, ২ লিটার চোলাই মদ ও ৪ টি গাঁজার গাছ উদ্ধার হয়েছে।

প্রশাসনের এতো সাফল্যের পর কিন্তু থেমে নেই মাদক ব্যবসা। বিভিন্ন কৌশলে চালিয়ে যাচ্ছে মাদকের রমরমা ব্যবসা।
গত ৬ ও ১৩ জানুয়ারী দৈনিক ‘মেহেরপুর প্রতিদিন’এ মাদক নিয়ে সংবাদ প্রকাশীত হয়। সেখানে বেশ কিছু মাদক ব্যবসায়ীর নাম উঠে এসেছে যারা বিভিন্ন কৌশলে মাদক ব্যবসা চালিয়ে যাচ্ছে।

এছাড়াও ‘মেহেরপুর প্রতিদিন’র অনুসন্ধানে দেখা গেছে, এক সময় মাদক ব্যবসার সাথে জড়িত ছিল কিন্তু এখন আর করে না। স্বাভাবিক জীবনে

ফিরতে চাইলেও পুলিশি বিভিন্ন হয়রানীর কারনে তারা পালিয়ে বেড়াচ্ছে। আবার কেউ কেউ সম্পূর্ন স্বাভাবিক জীবনে ফিরে অন্য পেশায় জীবিকা নির্বাহ করছে।

এদের মধ্যে রয়েছে সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের বিজন। এক সময় মাদক ব্যবসার সাথে জড়িত খাকলেও তৎকালীন পুলিশ সুপার হামিদুল আলম এর সহযোগীতায় স্বাভাবিক জীবনে ফিরে এসেছে। এখন বিজন চট্টগ্রামের এক বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত আছেন।

এছাড়াও আরও বেশ কিছু মানুষ আছে যারা মাদক ব্যবসা থেকে সরে এসে জীবিকার তাগিদে প্রবাশে পাড়ি জমিয়েছে।

মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম জানান, আমরা গত ২০১৯ সালে ৫৬ টি মাদক মামলায় ১০৯ জন আসামী আটক করেছি। সেই সাথে ৩ কেজি গাঁজা, ৫৯০ বোতল ফেন্সিডিল, ৩৭ পিচ ইয়াবা ও ৬৮ গ্রাম হেরোইন উদ্ধার করেছি। আমাদের মাদক বিরোধি অভিযান অব্যাহত রয়েছে। মুজিবনগর পুলিশ মাদকের বিরুদ্ধে সব সময় কঠোর।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, গত ২০১৯ সালে গাংনী থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে ৯০ টি মামলা হয়। এই মামলায় ১১৭ জন আসামীকে আটক করা হয়। সেই সাথে ২ হাজার ৫’শ ৯৫ বোতল ফেন্সিডিল, ৫৩ কেজি ৭৫৫ গ্রাম গাঁজা, ১ হাজার ১’শ ৬৫ পিচ ইয়াবা, ১’শ ৫ গ্রাম হেরোইন ও ২ লিটার চোলাই মদ উদ্ধার করা হয়েছে। গাংনীর মাদক নিয়ন্ত্রণে আমাদের পুলিশ সদস্যরা সব সময় তৎপর রয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দ্বারা খান জানান, আমাদের চলামান অভিযানে ২০১৯ সালের শুরু থেকে শেষ পর্যন্ত ২’শ টি মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে। এই মামলায় ২৪৫ জন আসামী আমরা আটক করতে সক্ষম হয়েছিলাম। সেই সাথে ৫১৮ বোতল ফেন্সিডিল, ৪’শ ৩৭ গ্রাম হেরোইন, ৩’ ৩৬ পিচ ইয়াবা ও ৯৮ লিটার ভারতীয় মদ উদ্ধার করেছি। যার আনুমানিক মূল্য প্রায় ৩৭ লক্ষ্য ৮২ হাজার ৪’শ টাকা। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স। মাদক নিয়ন্ত্রনে আমরা সব সময় সোচ্চার।

জেলা গোয়েন্দা বিভাগের ওসি রবিউল ইসলাম জানান, গত বছরের শুরু থেকে শেষ পর্যন্ত মাদক নিয়ন্ত্র আইনে ১৬০ টি মামলা হয়। যেখানে ২৪৯ জন আসামীর নাম আছে। সেই সাথে চলমান অভিযানে ১১’শ ৫৮ বোতল ফেন্সিডিল, ৪৯ কেজি গাঁজা, ৬’শ ৩৯ পিচ ইয়াবা, ৩’শ ৫৭ গ্রাম হেরোইন, ২০ ক্যান বিয়ার ও চারটি গাঁজা গাছ উদ্ধার করা হয়। মাদক বিরোধী অভিযান আমাদের চলমান আছে। মাদকের সাথে কোন আপস নয়।

এ ব্যাপারে মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল- আমিন ধুমকেতু বলেন, কেউ যদি খারাপ কাজ থেকে সরে আসতে চাই তাকে সুযোগ দেওয়া উচিত। কোন মানুষই ইচ্ছে করে খারাপ পথে যায় না। প্রয়োজনের তাগিদে অথবা অসৎ সঙ্গে মাদকের সাথে জড়িয়ে পড়ে। যদি প্রশাসন উদ্যোগ নেই এবং স্বাভাবিক জীবনে ফিরতে সহযোগীতান করেন তাহলে অনেকটাই মাদক নিয়ন্ত্রণ করা সম্ভব হবে।

জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন, মাদকের সাথে যারা জড়িত এদের মধ্যে রাঘব বোয়ালরা ধরা ছোয়ার বাইরে থাকে। এদের আইনের আওতায় নিয়ে আসার ক্ষেত্রে দৃশ্যমান কোন ব্যবস্থা নেওয়া হয়না। এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। যে সব জায়গায় মাদকের রুট হিসেবে পরিচিত সেখানে প্রশাসনের উদ্যোগে পথ করা যেতে পারে। মাদকের সাথে যারা জড়িত আছে তাদের স্বাভাবিক জীবনে ফিরে আসতে অনুরোধ করা হবে। সেই সাথে যারা সৎ পথে ফিরে আসবে তাদের পুলিশি কোন হয়রানি বা আটক করা হবে বরং তাদের বিভিন্ন সৎ উপার্জনে সহযোগীতা করা হবে এই আশ্বাস দিলে হয়তো অনেকটা মাদক নিয়ন্ত্রণ হতে পারে।

মেহেরপুর পুলিশ সুপার এস এস মুরাদ আলী বলেন, মাদকের বিরুদ্ধে আমরা সব সময় কঠর অবস্থানে থাকি। আমরা ইতিমধ্যে শুধু মাদক নিয়ন্ত্রনের জন্য তিন থানায় তিনটি চৌকস টিম তৈরি করেছি। তারা খুব ভালো কাজ করছে। ইতিমধ্যে বেশ কয়েকটি অভিযানে ব্যাপক মাদক দ্রব্য উদ্ধার সহ মাদক ব্যবসায়ীদের আটক করা করেছে। আমাদের মাদক বিরোধি অভিযান অব্যাহত থাকবে। (চলবে)

মেপ্র/ইএম

মিজানুর রহমান আজহারী ও তারেক মনোয়ারের ওয়াজ নিয়ে সংসদে উথাপন

“ঘরে ঘরে দেলাওয়ার হোসাইন সাঈদী বেরিয়ে আসবে। শুধু তাই না, একজন বলছে, এখন আর তীর ধনুকের যুগ না, এখন একে ফোরটি সেভেনের যুগ। এটি প্রচ্ছন্ন নয়, প্রকাশ্যে হুমকি। এতে মনে হয়, জামায়াত-শিবির-রাজাকার তৎপর হয়ে গেছে।”

সম্প্রতি মিজানুর রহমান আজহারী ও তারেক মনোয়ার যুদ্ধাপরাধী দেলাওয়ার হোসাইন সাঈদীর পক্ষ নিয়ে ওয়াজ মাহফিলে এ ধরণের বক্তব্য দেওয়ায় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে জাতীয় সংসদে।

বিষয়টি উত্থাপন করেছেন সংসদ সদস্য ও সাংবাদিক নেতা মো.শফিকুর রহমান। তার বক্তব্যের শেষে সভাপতির চেয়ারে বসা ডেপুটি স্পিকার মো. ফজলে রাব্বী মিয়া বলেন, দেলাওয়ার হোসাইন সাঈদীকে নিয়ে যে গুরুত্বপূর্ণ বক্তব্য আসছে এই বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

বৃহস্পতিবার জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনীত ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে শফিকুর রহমান বিষয়টি উত্থাপন করেন।

তিনি বলেন, দেলাওয়ার হোসাইন সাঈদী রাজাকার ছিলেন। প্রকাশ্য আদালতে তার বিচার হয়েছে, বিচারে তার শাস্তি হয়েছে। এখন কিছু লোক একজনের নাম মিজান আরেক জনের নাম মনোয়ার। তারা বলছেন ঘরে ঘরে দেলাওয়ার হোসাইন সাঈদী বেরিয়ে আসবে। শুধু তাই না, একজন বলছে, এখন আর তীর ধনুকের যুগ না, এখন একে ফোরটি সেভেনের যুগ। এটি প্রচ্ছন্ন নয়, প্রকাশ্যে হুমকি। এতে মনে হয়, জামায়াত-শিবির-রাজাকার তৎপর হয়ে গেছে।

শফিকুর রহমান বলেন, জামায়াত-শিবিরের সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত হয়ে যায়, বিল্ডিং হয়ে যায়। আমাদের মুক্তিযুদ্ধাদের নামের প্রতিষ্ঠান হয় না। আমার বুন্ধ শহীদ জাবেদের নামে হাইস্কুল আছে, সেই স্কুলে বিল্ডিং হয়নি।

জিয়াউর রহমানের শহীদ বিতর্ক নিয়ে শফিকুর রহমান বলেন, জিয়া কোথায়

যুদ্ধ করেছে? একটা জায়গা দেখাক। শুধু ষড়যন্ত্র করেছে মোস্তাকের নেতৃত্বে। শেষের দিকে মুজিবনগর সরকারের কাছে ষড়যন্ত্র ধরা পরলে মোস্তাককে মন্ত্রিত্ব থেকে বাদ দেয়া হয়েছে। আর জিয়াউর রহমানকে ইনঅ্যাকটিভ করে রেখেছিলেন, এটিই হচ্ছে বাংলাদেশের সত্যিকার ইতিহাস।

সূত্র: যুগান্তর

আরো পড়ুন:ঝিনাইদহে ইসলাম ধর্ম নিয়ে ফেসবুকে কটুক্তির ঘটনায় স্কুল শিক্ষক আটক

আত্মহত্যার আগে ফেসবুকে যা লেখেন পুলিশ সদস্য কুদ্দুস

রাজধানীর মিরপুর-১৪ নম্বরে নিজের ইস্যু করা অস্ত্র দিয়ে শাহ মো. কুদ্দুস (৩১) নামে নায়েক পদ মর্যাদার এক পুলিশ সদস্য আত্মহত্যা করেছেন। বৃহস্পতিবার ভোর রাতে মিরপুর-১৪ নম্বর পুলিশ লাইন মাঠে এ ঘটনা ঘটে।

এদিকে, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে পুলিশ সদস্য কুদ্দুসের একটি স্ট্যাটাস ঘিরে নানা আলোচনা ডালাপালা মেলছে।

ফেসুবকে কুদ্দুস লিখেছেন,
‘আমার মৃত্যুর জন্য কাউকে দায়ী করবো না। আমার ভেতরের যন্ত্রণাগুলো অনেক বড় হয়ে গেছে। আমি আর সহ্য করতে পারছি না। প্রাণটা পালাই পালাই করছে…

”তবে সকল অবিবাহিতগণের প্রতি আমার আকুল আবেদন, আপনারা পাত্রী পছন্দ করার আগে পাত্রীর ‘মা’ ভালো কি-না সঠিকভাবে খবর নেবেন। কারণ পাত্রীর ‘মা’ ভালো না হলে পাত্রী কখনোই ভালো হবে না। ফলে আপনার সংসারটা হবে দোজখের মতো। সুতরাং সকল সম্মানীত অভিভাবকগণের প্রতি আমার শেষ অনুরোধ, বিষয়টি বিশেষভাবে গুরুত্ব দেবেন।”

কাফরুল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিমউজ্জামান বলেন, তার ফেসবুক স্ট্যাটাসের কথা আমরা শুনেছি। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

মেপ্র/আরজেএম

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

ই-পাসেপার্ট মুজিববর্ষের উপহার

– প্রধানমন্ত্রী

ই-পাসপোর্ট যুগে প্রবেশ করল বাংলাদেশ। এই প্রকল্পের ফলে বাংলাদেশ আরো একধাপ এগিয়ে যাবে।’ ‘ই-পাসপোর্ট জাতির জন্য মুজিববর্ষের একটি উপহার।

আজ বুধবার ২২ জানুয়ারি সকাল ১১টার দিকে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনে কেন্দ্রে ই-পাসপোর্ট কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

দক্ষিণ এশিয়ায় বাংলাদেশই সর্বপ্রথম ই-পাসপোর্ট চালু করতে সক্ষম হয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ডিজিটাল বাংলাদেশের জন্য ৯৬ সাল থেকে আমরা কিছু উদ্যোগ নিয়েছিলাম। তখন শেষ করতে পারিনি। পরে ক্ষমতায় এসে সেগুলো করি। আজকে প্রায় সমগ্র বাংলাদেশে ইন্টারনেট সেব দিতে সক্ষম হয়েছি।’

প্রধানমন্ত্রী বলেন, ‘ই-পাসপোর্ট জাতির জন্য মুজিববর্ষের একটি উপহার। এ পর্যন্ত বিশ্বের ১১৮টি দেশে ই -পাসপোর্ট চালু হয়েছে। ১১৯তম দেশ হিসেবে বাংলাদেশ ই-পাসপোর্ট যুগে প্রবেশ করল।’ তিনি বলেন, ‘আধুনিক প্রযুক্তির জ্ঞানসম্পন্ন শিক্ষিত জাতি হিসেবে বাংলাদেশ যেন গড়ে উঠতে পারে সে লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। বাংলাদেশকে উচ্চমর্যাদায় নিয়ে যাওয়ার লক্ষ্যে আমরা কাজ করছি।’

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত

উদ্বোধনী অনুষ্ঠানে ই-পাসপোর্ট প্রকল্পের সঙ্গে যাঁরা সম্পৃক্ত তাঁদের সবাইকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রীর এই উদ্বোধনের মধ্য দিয়ে ই-পাসপোর্টের জন্য আবেদন করতে পারবেন সবাই। প্রাথমিক পর্যায়ে রাজধানীর আগারগাঁও, যাত্রাবাড়ী ও উত্তরা পাসপোর্ট অফিসে এই কার্যক্রম চলবে। পর্যায়ক্রমে দেশের সব কেন্দ্র থেকেই ই-পাসপোর্ট সরবরাহ করা হবে।

মেপ্র/জাতীয়

লালদীঘিতে ২৪ জনকে হত্যা মামলায় ৫ জনের ফাঁসি

চট্টগ্রামের লালদীঘিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার জনসভায় ২৪ জনকে হত্যা মামলার রায় ঘোষণা করা হয়েছে। রায়ে পাঁচজনের মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত।

সোমবার বিকালে চট্টগ্রামের বিশেষ জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক চট্টগ্রাম জেলা ও দায়রা জজ মো. ইসমাইল হোসেন এ রায় ঘোষণা করেন।

মৃত্যুদণ্ডপ্রাপ্ত চার আসামি কারাগারে আছেন। অপর আসামি ইন্সপেক্টর জেসি মণ্ডল পলাতক।

এর আগে রোববার আদালতে রাষ্ট্রপক্ষের যুক্তি উপস্থাপন করা হয়। গত ১৪ জানুয়ারি মামলাটির সাক্ষ্যগ্রহণ শেষ হয়।

প্রসঙ্গত ১৯৮৮ সালের ২৪ জানুয়ারি লালদীঘি মাঠে আওয়ামী লীগের জনসভা শুরুর আগে শেখ হাসিনাকে বহনকারী ট্রাক আদালত ভবনের দিকে আসার সময় গুলিবর্ষণ শুরু হয়। এতে ২৪ জন মারা যান। গুলিবর্ষণের সময় মানববেষ্টনী তৈরি করে শেখ হাসিনাকে আইনজীবী সমিতি ভবনে নিয়ে যাওয়া হয়।

এ ঘটনায় ১৯৯২ সালে আইনজীবী মো. শহীদুল হুদা বাদী হয়ে মামলা করেন। ১৯৯৭ সালে মামলার প্রথম অভিযোগপত্র এবং অধিকতর তদন্ত শেষে ১৯৯৮ সালে দ্বিতীয় দফায় অভিযোগপত্র দেয়া হয়।

ব্রেকিং নিউজ: এসএসসি পরীক্ষা শুরু ৩ ফেব্রুয়ারি

২০২০ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা ১ ফেব্রুয়ারির পরিবর্তে ৩ ফেব্রুয়ারি থেকে শুরু হবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

আজ শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের গণসংযোগ কর্মকর্তা আবুল খায়ের গণমাধ্যমকে এ সিদ্ধান্তের কথা জানান।

তিনি জানান, পূর্ব নির্ধারিত সময় ১ ফেব্রুয়ারির পরিবর্তে আগামী ৩ ফেব্রুয়ারি পরীক্ষা শুরু হবে। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের নির্বাচনের কারণে পূর্ব নির্ধারিত সময় ১ ফেব্রুয়ারির পরিবর্তে আগামী ৩ ফেব্রুয়ারি পরীক্ষা শুরু হবে। এ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী গণমাধ্যমের সাথে তার হেয়ার রোডস্থ সরকারি বাস ভবনে কথা বলবেন।

উল্লেখ্য, সরস্বতী পূজার কারণে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের নির্বাচনের তারিখ পুননির্ধারণ করেছে নির্বাচন কমিশন (ইসি)। ৩০ জানুয়ারির পরিবর্তে আগামী ১ ফেব্রুয়ারি ভোটগ্রহণের নতুন তারিখ নির্ধারণ করা

মেপ্র/ইএম

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরের শোলমারী সীমান্ত থেকে এক বাংলাদেশীকে ধরে নিয়ে গেছে বিএসএফ !

মেহেরপুর সদর উপজেলার শোলমারী সীমান্তের কাঁটাতারের বেড়ার কাছে থেকে মিলন আলী নামের এক বাংলাদেশীকে ধরে নিয়ে গেছে বিএসএফ সদস্যরা। তবে বিজিবি পতাকা বৈঠকের জন্য বিএসএফকে চিঠি দিলেও ধরে নিয়ে যাওয়ার ব্যাপারে নিশ্চিত নয় বলে তাদের পক্ষ থেকে জানানো হয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাতে ভারতের করিমপুর থানার নন্এদনপুর বিএসএফ ক্যাম্পের সদস্যরা ধরে নিয়ে গেছে বলে জানিয়েছে মিলনের পরিবার। এঘটনার পর থেকে বিজিবি ওই বাংলাদেশীকে ফেরত চেয়ে চিঠি দিয়েছে। আজ বৃহস্পতিবার উভয় পক্ষের মধ্যে পতাকা বৈঠকের কথা রয়েছে।

আটক বাংলাদেশী মিলন আলী শোলমারী গ্রামের বিশ্বাস পাড়ার মার্জেন আলীর ছেলে।

শোলমারী বিজিবি ক্যাম্প কমান্ডার সুবেদার আব্দুল মান্নান জানান, আমরা এখনো নিশ্চিত নয় যে তাকে বিএসএফ ধরে নিয়ে গেছে। তবে আমরা জানার পর বিএসএফকে চিঠি দিয়েছি। চিঠির জবাবে তারা ক্যাম্প কমান্ডার লেভেলে পতাকা বৈঠকের জন্য সীমান্তের জিরো পয়েন্টে এসেছেন।

মেপ্র/ইএম

পুঁজিবাজার উন্নয়নে ছয় সল্পমেয়াদী পদক্ষেপ

পুঁজিবাজার উন্নয়নে ছয়টি স্বল্পমেয়াদি পদক্ষেপ নিয়েছে সরকার। পরে দীর্ঘমেয়াদি পদক্ষেপও নেওয়া হবে বলে ঘোষণা দিয়েছে। বাংলাদেশ

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) গতকাল বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৃহস্পতিবার তাঁর কার্যালয়ে বিএসইসি ও পুঁজিবাজারের সঙ্গে সম্পর্কিত অন্য পক্ষগুলোর সঙ্গে আলোচনা করেন। ওই আলোচনার পরই বিএসইসি বিজ্ঞপ্তিটি দেয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পুঁজিবাজারের উন্নয়ন নিয়ে সরকার অত্যন্ত আন্তরিক। প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে এ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
সরকার মনে করে, দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে একটি গতিশীল ও শক্তিশালী পুঁজিবাজার অপরিহার্য। পুঁজিবাজার উন্নয়নে যে ধরনের সাহায্য দরকার, সরকার ধারাবাহিকভাবে তা করে যাবে। পুঁজিবাজার বিকশিত করতে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি কর্মসূচির বিষয়েও আলোচনা হয়। স্বল্পমেয়াদি বিষয়গুলো শিগগিরই বাস্তবায়নের বিষয়ে মতামত প্রকাশ করা হয়।

ছয়টি পদক্ষেপ হচ্ছে: পুঁজিবাজারে ব্যাংক ও ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানের অংশগ্রহণ বৃদ্ধি, মার্চেন্ট ব্যাংকার ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের জন্য সহজ শর্তে ঋণসুবিধার ব্যবস্থা করা, ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশের (আইসিবি) বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি, বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করা ও দেশীয় বাজারে আস্থা সৃষ্টির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া, প্রাতিষ্ঠানিক বিনিয়োগ বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করা এবং বাজারে মানসম্পন্ন আইপিও বাড়াতে বহুজাতিক ও সরকারি মালিকানাধীন লাভজনক কোম্পানিগুলোকে তালিকাভুক্তকরণের উদ্যোগ নেওয়া।

মেপ্র/প্রআ